১৬/৫/২০০৪

তারিখ ......
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৮ ......

দৈনিক সংবাদ

### ব্যাপক নকল ও কর্তব্যরত ম্যাজিস্ট্রেটকে মারধর

# ঠাকুরগাঁয়ের সালন্দর কলেজ পরীক্ষাকেন্দ্র বাতিল ॥ গ্রেফতার ২

**ঠাকুরগাঁও থেকে জেলা বার্তা পরিবেশক ঃ** ব্যাপক নকল প্রবণতা, আইন-শৃংখলা পরিস্থিতির অবনতি ও কর্তব্যরত ম্যাজিস্ট্রেটকে মারধর করাসহ জনস্বার্থে ঠাকুরগাঁয়ের সালন্দর কলেজ পরীক্ষা কেন্দ্রটি বাতিল করা হয়েছে এবং এখন থেকে এই কেন্দ্রের বাকি পরীক্ষা ঠাকুরগাঁও সরকারি মহিলা কলেজকেন্দ্রে অনুষ্ঠিত করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে বলে জেলা প্রশাসন সূত্রে জানা গেছে।

গত ১৫ই মে বিকেলে পদার্থ বিদ্যার পরীক্ষা চলাকালে অসদুপায় অবলম্বনের দায়ে ঠাকুরগাঁও সদর উপজেলা নির্বাহী অফিসার আখতার আলী সরকার নামে একজন পরীক্ষার্থীকে বহিষ্কার করেন। এই ঘটনার জের ধরে কতিপয় বহিরাগত চিহ্নিত সন্ত্রাসী উপজেলা নির্বাহী অফিসারের ওপর ব্যাপক হামলা চালায় এবং তার জিপ গাড়িটি ভাঙচুর করে। এতে কতর্ব্যরত ইউএনও গুরুতরভাবে জখম হন। স্থানীয় লোকজন ও পুলিশ তাকে আশংকাজনক অবস্থায় ঠাকুরগাঁও সদর আধুনিক হাসপাতালে ভর্তি করে। তার মাথাও মুখ ফেটে যায়। তার শরীর থেকে খুবই রক্তক্ষরণ হয়। জখম স্থানে ৭টি সেলাই দেয়া হয়েছে। ঘটনার পর পরই জেলা প্রশাসক নেপাল চন্দ্র সরকার ও পুলিশ সুপার ফাতেমা বেগম ঘটনাস্থলে হাজির হন। রাত দশটায় ১১ জনের নাম উল্লেখ করে ঠাকুরগাঁও থানার এ এস আই আবদুল বারী প্রধান বাদি হয়ে জননিরাপত্তা আইনে একটি মামলা দায়ের করেছেন। পুলিশের ৬টি টিম গভীর রাতে বিভিন্ন জায়গায় হানা দিয়ে ঘটনার সঙ্গে জড়িত থাকার অভিযোগে দু'জনকে গ্রেফতার এবং ১৬ই মে তাদেরকে জেল হাজতে পাঠান। অন্যান্য আসামি শহর থেকে পালিয়ে গেছেন।

জেলা প্রশাসক গত ১৫ই মে রাজশাহী উচ্চ মাধ্যমিক বোর্ডের চেয়ারম্যানসহ সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে উদ্ভূত ঘটনা সম্পর্কে জানালে বোর্ড কর্তৃপক্ষ ওই কেন্দ্রটি বাতিলের নির্দেশ দেন এবং অবশিষ্ট পরীক্ষা ১৭ই মে থেকে ঠাকুরগাঁও সরকারি মহিলা কলেজ কেন্দ্রে অনুষ্ঠানের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। সালন্দর কলেজকেন্দ্রে এবার ৮০২ জন পরীক্ষার্থী অংশ নেয়। প্রসঙ্গত উল্লেখ্য, গত ১৪ই মে সালন্দর পরীক্ষা কেন্দ্রে ব্যাপক নকলের সচিত্র প্রতিবেদন দৈনিক সংবাদ-এ প্রকাশিত হ